**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# ইউটিকায় সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের জন্য 67 মিলিয়ন ডলারের পুনর্বাসন শুরু করার বিষয়ে গভর্নর হোকলের ঘোষণা

***অলবিস্টন অ্যাপার্টমেন্টস-এ নির্মাণ কাজ অব্যাহত রয়েছে***

***124 বছরের পুরানো ভগ্নদশার অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের সংস্কার 153টি আধুনিক ও সাশ্রয়ী মূল্যের গৃহ নির্মাণ করবে***

***বিল্ডিংয়ের ঐতিহাসিক বৈশিষ্ট্য ধরে রাখার পাশাপাশি স্বাস্থ্যকর, নিরাপদ আবাসন সরবরাহ করার জন্য আপগ্রেডসমূহ জ্বালানি-সাশ্রয়ী ব্যবস্থা অন্তর্ভুক্ত করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ইউটিকা শহরের অলবিস্টন অ্যাপার্টমেন্টস-এর 67 মিলিয়ন ডলারের পুনর্বাসন ও আধুনিকীকরণ এখন চলমান রয়েছে। 124 বছর বয়সী ভবনে নিরাপত্তা সংক্রান্ত মারাত্মক উদ্বেগের কারণে ইউটিকা শহর এটি গত বছর বন্ধ করে দেওয়ার পরে ঐতিহাসিক স্থাপনাটি ব্যাপক সংস্কারের মধ্য দিয়ে যাবে। পুনরায় নকশা করা ভবনটিতে 153টি নিরাপদ, জ্বালানি-সাশ্রয়ী, সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট থাকবে।

"অলবিস্টন অ্যাপার্টমেন্টস-এর সংস্কার নিউ ইয়র্কবাসীদের জীবনে আমরা যে পার্থক্য তৈরি করতে পারি তার একটি উদাহরণ, যখন আমরা নিরাপদ ও সাশ্রয়ী মূল্যের বাড়ি দিয়ে জরাজীর্ণ কাঠামো প্রতিস্থাপনের জন্য একসাথে কাজ করি," **বলেছেন গভর্নর হোকল।** "অলবিস্টন অ্যাপার্টমেন্টস-এর সংস্কার একটি ঐতিহাসিক রত্ন উদ্ধার করবে এবং সাশ্রয়ী মূল্যের আবাসনের একটি গুরুত্বপূর্ণ সরবরাহ বজায় রাখবে, পাশাপাশি সবুজ, টেকসই ভবন এবং আরো প্রাণবন্ত শহরের জন্য আমাদের লক্ষ্য অর্জনে সাহায্য করবে।"

অলবিস্টন অ্যাপার্টমেন্টস আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের স্টেটব্যাপী পরিকল্পনার অংশ। সম্প্রতি প্রণীত স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা সফলভাবে প্রণয়ন করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

রোমানেস্ক রিভাইভাল স্টাইলের ভবন মূলত 1898 সালে আপস্টেট নিউ ইয়র্কের বৃহত্তম অ্যাপার্টমেন্ট বিল্ডিং হিসেবে খোলা হয়েছিল এবং পরে 20 শতাব্দীতে একাধিকবার বিভক্ত করা হয়েছিল। 1970 এর দশকে, ভবনটির অবনতি হতে শুরু করে এবং পরবর্তীতে আরো ক্ষয়প্রাপ্ত হয়। 2021 সালে, একটি পরিদর্শনের পরে বাসিন্দাদের সরিয়ে নেওয়া হয়েছিল, যার মধ্যে একটি ক্ষতিগ্রস্ত ছাদের কারণে উপরের তলায় ব্যাপক পানিজনিত ক্ষতি, ভাঙা জানালা, ফায়ার সিস্টেম সঠিকভাবে কাজ না করা এবং অন্যান্য নিয়ম-কানুন লঙঘনের কারণে বিল্ডিংয়ের অনিরাপদ অবস্থার কথা প্রকাশ করা হয়েছিল।

অভ্যন্তরীণ পুনর্বাসন কমপ্লেক্সের সকল অ্যাপার্টমেন্ট পুনরায় কনফিগার ও আধুনিকীকরণ করবে এবং এর পাশাপাশি সার্বজনীন এলাকায় মূল, শতাব্দী-পুরানো মার্বেলের মেঝে এবং আলংকারিক কাঠের ট্রিমসহ ভবনের ঐতিহাসিক বৈশিষ্ট্য বজায় রাখবে।

সম্পূর্ণ হলে, অলবিস্টন অ্যাপার্টমেন্টস-এর সকল ইউনিটে নতুন সরঞ্জাম, 1,500-বর্গফুট কমিউনিটি স্পেস, নতুন রুফ ডেক, অন-সাইট লন্ড্রি সুবিধা, ভবন জুড়ে স্টোরেজ এলাকা এবং বহিরঙ্গনে সবুজ স্থানসহ 34টি স্টুডিও অ্যাপার্টমেন্ট, 87টি এক বেডরুমের ইউনিট এবং 32টি দুই বেডরুমের ইউনিট সরবরাহ করবে। 153টি অ্যাপার্টমেন্টের সবগুলোই এলাকার মধ্যমান আয়ের 80 শতাংশ বা তার কম আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে।

ভবনের পুনঃনকশা বেশ কয়েকটি জ্বলানি-সাশ্রয়ী ব্যবস্থা ব্যবহার করে এনার্জি স্টার এবং এন্টারপ্রাইজ গ্রিন কমিউনিটি সার্টিফিকেশন অর্জন করবে, যার মধ্যে রয়েছে বর্ধিত ইনসুলেশনসহ একটি নতুন রুফ মেমব্রেন, সকল অ্যাপার্টমেন্টের জন্য গরম ও শীতল করার জন্য উচ্চ জ্বালানি সাশ্রয়ী রেটিং সহ ঠান্ডা জলবায়ুর হিট পাম্প, 98% সাশ্রয়ী বয়লারের মাধ্যমে কেন্দ্রীভূত গরম পানির ব্যবস্থা, ভবন জুড়ে LED আলো, এবং এনার্জি স্টার রেটেড বা সমতুল্য সরঞ্জাম। এই প্রকল্পের ডেভেলপার হলো লিবার্টি অ্যাফোর্ডেবল হাউজিং, ইনক. (Liberty Affordable Housing, Inc.)।

অলবিস্টন অ্যাপার্টমেন্টস শহরের ডাউনটাউনের কেন্দ্রস্থল কেন্দ্র থেকে মাত্র এক মাইল দক্ষিণ-পশ্চিমে অবস্থিত। কমপ্লেক্সটি স্থানীয় বাস লাইন এবং মুদি দোকান, ফার্মেসি, চিকিৎসা ফ্যাসিলিটি, ডেকেয়ার সেন্টার এবং পাবলিক লাইব্রেরির কাছাকাছি অবস্থিত।

অলবিস্টন অ্যাপার্টমেন্টস-এর জন্য অর্থায়নের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে 4.8 মিলিয়ন ডলারের স্থায়ী করমুক্ত বন্ড, নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল পর্যায়ের কর ক্রেডিট যা 22 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করবে এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) তরফ থেকে 16.3 মিলিয়ন ডলারের ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation) স্টেট ও ফেডারেল ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিট অনুমোদন করেছে যা 13.4 মিলিয়ন ডলারের ইক্যুইটি যোগান দেবে। ইউটিকা সিটি ইউটিকা প্রসপারিটি উদ্যোগ (Utica Prosperity Initiative) থেকে 3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। ডেফার্ড ডেভেলপার ফি এর মাধ্যমে অতিরিক্ত অর্থায়ন সরবরাহ করা হচ্ছে।

**হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন,** "আমাদের স্টেটের বিদ্যমান হাউজিং স্টকে বিনিয়োগ গভর্নর হোকলের হাউজিং এজেন্ডা কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের একটি প্রয়োজনীয় উপাদান। ইউটিকা শহর এবং লিবার্টি অ্যাফোর্ডেবল হাউজিং-এর সাথে নিউইয়র্কের বিনিয়োগ ও অংশীদারিত্ব বছরের পর বছর ধরে চলা অব্যবস্থাপনাকে উল্টে দেবে এবং অলবিস্টন অ্যাপার্টমেন্টসকে একটি সুন্দর, নিরাপদ ও আরামদায়ক থাকার জায়গা হিসাবে তার আসল রূপে ফিরিয়ে দেবে। সংস্কার সম্পন্ন হলে, এই 124 বছর বয়সী ভবনটি একটি টেকসইভাবে নকশা করা ভবনে 153টি আধুনিক বাসস্থান সরবরাহ করবে যা ইউটিকা কমিউনিটির ভবিষ্যত প্রজন্মগুলিকে উপকৃত করবে এবং সবার জন্য একটি সবুজ নিউ ইয়র্ক প্রদানের ক্ষেত্রে অবদান রাখবে। সাশ্রয়ী মূল্যের আবাসনের গুরুত্বপূর্ণ উৎস সংরক্ষণের জন্য HCR-এর সাথে মধ্যস্থতা ও কাজ করার জন্য এবং ইউটিকাবাসীদের প্রাপ্য মানের আবাসন সরবরাহ করার জন্য আমরা ইউটিকা সিটি ও লিবার্টি অ্যাফোর্ডেবল হাউজিংয়ের প্রতি কৃতজ্ঞ।"

**অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (Office of Parks, Recreation and Historic Preservation)-এর কমিশনার এরিক কুলেসেইড বলেন,** "অলবিস্টন অ্যাপার্টমেন্টস প্রকল্প দেখিয়ে দিচ্ছে যে কিভাবে ঐতিহাসিক সংরক্ষণ ইউটিকার মতো শহরগুলোতে নতুন প্রাণের সঞ্চার ঘটাচ্ছে। ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিট কর্মসূচি ঐতিহাসিক অবকাঠামোতে পুনরায় বিনিয়োগ আকৃষ্ট করছে, যা স্থানীয় অর্থনৈতিক উন্নতি, আবাসন সম্প্রসারণ, টেকসহতা বৃদ্ধি এবং আমাদের শহর ও নগরের ঐতিহ্য সংরক্ষণে সাহায্য করে।"

**স্টেট সিনেটর জো গ্রিফো বলেন,** "আমি আনন্দিত যে ইউটিকার অলবিস্টন অ্যাপার্টমেন্টস, যা একসময়ের বিলাসিতা ও আভিজাত্যের সীমা বলে মনে করা হতো কিন্তু সময়ের সাথে সাথে উপেক্ষিত হয়েছিল, সম্পূর্ণরূপে সংস্কার করা হবে, পুনর্বাসন করা হবে এবং একটি নতুন জীবন দেওয়া হবে। এই প্রকল্প এই ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ সম্পত্তি কমিউনিটির মধ্যে থাকা এবং ইউটিকার বাসিন্দা এবং পরিবারসমূহকে আরো সুরক্ষিত, নিরাপদ ও সাশ্রয়ী মূল্যের আবাসনের অপশন সরবরাহ করা নিশ্চিত করবে।"

**ওনেইডা কাউন্টির এক্সিকিউটিভ অ্যান্টনি জে. পিসেন্ট জুনিয়র বলেন,** "অলবিস্টন অ্যাপার্টমেন্টস ইউটিকার সমৃদ্ধ ইতিহাসের একটি অবিচ্ছেদ্য অংশ এবং আমি খুশি যে এই ভবনটি ভবিষ্যত প্রজন্মের জন্য সংরক্ষিত থাকবে। এটি কতটা খারাপভাবে ক্ষয়প্রাপ্ত হয়েছে এবং এর বাসন্দাদের জীবনযাত্রার অবস্থা কতটা অগ্রহণযোগ্য ছিল তা দেখা হতাশাজনক ছিল। ওনেইডা কাউন্টি সেই কঠিন সময়ে বাসিন্দাদের সহায়তা করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করেছিল, এবং আমি আনন্দিত যে স্টেট ও স্থানীয় তহবিলের মাধ্যমে, অলবিস্টনকে তার অতীতের গৌরব ফিরিয়ে দেওয়া হবে।"

**ইউটিকার মেয়র রবার্ট পালমিরি বলেন,** "অলবিস্টনের পুনঃউন্নয়ন হলো সফল সরকারি-বেসরকারি অংশীদারিত্বের একটি উল্লেখযোগ্য উদাহরণ। চরম অবহেলা এবং মানবেতর জীবনযাত্রার কারণে, সিটি 2021 সালে অলবিস্টন বন্ধ করে দেয়। ইউটিকা প্রসপারিটি উদ্যোগের মাধ্যমে সিটি উল্লেখযোগ্য তহবিল প্রদান করেছে, এবং গভর্নর হোকলের অফিস ও নিউ ইয়র্ক

স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) সাথে অংশীদারিত্ব গড়ে তুলে কাজ করার মাধ্যমে লিবার্টি অ্যাফোর্ডেবল হাউজিং অলবিস্টনকে পুনরুজ্জীবিত করছে এবং সাশ্রয়ী মূল্যের আবাসনের 150টিরও বেশি ইউনিট সংরক্ষণ করছে। আমি সকল অংশীদারদের ধন্যবাদ জানাই কারণ এটি আমাদের সমগ্র কমিউনিটির জন্য একটি বিজয়।"

**অ্যাসেম্বলি সদস্য ম্যারিঅ্যান বাটেনস্কন বলেন**, "বাসস্থানের খরচ বেশি এমন একটি সময়ে ডাউনটাউন ইউটিকায় 153টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট তৈরি হতে দেখাটা আশাব্যঞ্জক একটি ব্যাপার৷ ঐতিহাসিক অলবিস্টন অ্যাপার্টমেন্টস-এর পুনর্বাসন এমন একটি প্রকল্প যা নিয়ে মোহাক ভ্যালির লোকজনের গর্ব করা উচিত। আমি আনন্দিত যে এই ঐতিহাসিক ভবনের স্থাপত্যের উপাদানগুলো যতটা সম্ভব যথাস্থানে থাকবে। ইউটিকার সাশ্রয়ী মূল্যের আবাসনের স্টক বাড়ানো অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ পরিবারগুলো ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতির বোঝা বহন করছে যা আমাদের ওয়ালেটে বড় ধরনের চাপ সৃষ্টি করছে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418